

## প্রধান অর্জনসমূহ:

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকান্ডের মূল কেন্দ্রবিন্দু হলো সরেজমিন উইং। উপজেলা কৃষি অফিস, সদর, কক্সবাজার হলো সরেজমিন উইং এর অধিভুক্ত। ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে উপজেলা কৃষি অফিস, সদর, কক্সবাজার অত্র উপজেলার কৃষকের নিকট চাহিদানুযায়ী আধুনিক জাত ও প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, ভুট্টা, আলুসহ শাকসবজির উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিগত তিন বছরে কক্সবাজার জেলার সদর উপজেলায় হেক্টর প্রতি চালের উৎপাদন ৩.৬৫ মে.টন থেকে ৩.৯০ মে.টন এ উন্নিত হয়েছে। ২০২১-২২ এর তুলনায় চালের হেক্টর প্রতি উৎপাদন ০.২০ মে.টন বৃদ্ধি পেয়েছে। দানাদার খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিষ্ণু জাত, সুষম মাত্রায় সার ব্যবহার, আধুনিক চাষাবাদ পদ্ধতি, মানসম্পন্ন বীজ উৎপাদন, জৈব ও সবুজ সার ব্যবহার বৃদ্ধি, স্থানীয় জাতের আবাদ কমিয়ে উফশী ও হাইব্রীড জাতের আবাদ বাড়ানোসহ নামুখী পদক্ষেপ গ্রহন করা হয়েছে। কৃষক পর্যায়ে প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে বিগত তিন বছরে ৫১০ টি প্রদর্শনী স্থাপন, লাগসই প্রযুক্তির উপর ১৮৫০ জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান এবং ৬০ টি ভার্মি কম্পোষ্ট/ কম্পোষ্ট স্তুপ স্থাপন করা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

\* সমস্যা:

- ১) কৃষি জমির হ্রাস এবং জনসংখ্যা বৃদ্ধি;
- ২) উপকূলীয় এলাকায় লবনাক্ততার মাত্রা বৃদ্ধি;
- ৩) আকস্মিক ঝড়- জলোচ্ছ্বাসের কারণে ফসলের ক্ষেতে লবনাক্ত পানির অনুপ্রবেশ;
- ৪) বর্ষাকালে নিচু এলাকার পানি নিষ্কাশনে সমস্যা

৩ চ্যালেঞ্জসমূহ:

- ১) ক্রমবর্ধমান জনসংখ্যা;
- ২) লবনাক্ততা ও জলাবদ্ধতা এবং খরা;
- ৩) সেচের পানির স্তর নিচে নেমে যাওয়া;
- ৪) প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করে টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা।